

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ মডস জোন-১০

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-১০

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৫.২৬.১৫৭.২৪ নথির বিষয়: মডস জোন-১০ এ কর্মরত পানির গাড়ী চালক ও হেলপার দের জন্য রেইনকোট ক্রয় প্রসঙ্গে।
 নোট: ১ নোটের বিষয়: মডস জোন-১০ এ কর্মরত পানির গাড়ী চালক ও হেলপার দের জন্য রেইনকোট ক্রয় প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৪/৯/২৪ ৫:২৫ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১০ এর আওতাধীন এলাকা সহ কর্তৃপক্ষের নির্দেশে রাজধানীর অন্যান্য এলাকায় পানি সরবরাহের জন্য অত্র বিভাগে ০৭(সাত) টি পানির গাড়ী এবং ০৩(তিন)টি ট্রাক্টর ট্রলি বরাদ্দ রয়েছে। ০৫(পাঁচ)টি বড় পানির গাড়ীতে প্রতি শিফটে ০১(জন) ড্রাইভার এবং ০২(দুই) জন করে হেলপার ডিউটি করে থাকে। এছাড়াও ০২(দুই)টি মাঝারী গাড়ী এবং ০৩(তিন) টি ট্রাক্টর ট্রলিতে শিফটে ০১(জন) ড্রাইভার এবং ০১(এক) জন করে হেলপার ডিউটি করে থাকে। মডস জোন-১০ এ মোট ১৪(চৌদ্দ) জন গাড়ী চালক এবং ২১(একুশ) জন হেলপার কর্মরত রয়েছে। গাড়ী চালক ও হেলপারদের পানির গাড়ী এবং ট্রলিতে দায়িত্ব পালন কালে গাড়ীতে পানি লোড-আন লোড, হুজ পাইপ পাইপি সন্মানিত গ্রাহক গণের জলাধারের সাথে সংযোগ ও গোছানো এবং ডেলিভারী পাম্প চালু করণ সহ অন্যান্য কাজের জন্য অধিকাংশ সময় গাড়ীর বাহিরে অবস্থান করতে হয়। চলমান বর্ষা মৌসুমে গ্রাহক গণের চাহিদানুযায়ী পানি সরবরাহের জন্য প্রতিনিয়ত পানির গাড়ীতে নিয়োজিত কর্মচারী গণকে বৃষ্টিতে ভিজে ডিউটি করতে হচ্ছে। এতে একদিকে পানি সরবরাহে বিলম্ব হয়, অন্যদিকে কর্মচারী গণ অসুস্থ হয়ে পড়ছে। যথা সময়ে সন্মানিত গ্রাহক গণের পানি সরবরাহ এবং সুষ্ঠু কর্ম পরিবেশ প্রদানের স্বার্থে পানির গাড়ীতে নিয়োজিত প্রতি জন গাড়ী চালক ও হেলপারদের রেইনকোট প্রদানের প্রয়োজন দেখা দিয়েছে। প্রাথমিক ভাবে ১২(বার)টি রেইনকোট ক্রয় করণের জন্য ০১(এক)টি কোটেশন সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত কোটেশন অনুযায়ী একটি প্রাক্কলণ তৈরী করা হল। প্রাক্কলণে সর্বমোট ব্যয়ের পরিমান দাঁড়িয়েছে টাঃ ২৩,৭৬০/- (তেইশ হাজার সাতশত ষাট টাকা মাত্র) টাকা মাত্র (সংযুক্তি-১ এ প্রাক্কলণ)। আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৪-২৫ইং অর্থ বছরের অত্র বিভাগের বাজেট বরাদ্দের পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত(০১-০৪-০০১) হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (২):

১। কোটেশন।

২। প্রাক্কলণ।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৪/৯/২৪ ৫:২৬ অপরাহ্ন


এমতাবস্থায়, মডস জোন-১০ এ কর্মরত পানির গাড়ী চালক ও হেলপার দের জন্য রেইনকোট ক্রয় করণে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৮১/১ বিধি অনুযায়ী সরাসরি ক্রয় খাতে সম্পন্ন করণের জন্য উপস্থাপিত টাঃ টাঃ ২৩,৭৬০/- (তেইশ হাজার সাতশত ষাট টাকা মাত্র) টাকার প্রাক্কলণটির সদয় অনুমোদন দেওয়া যেতে পারে। কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। বর্ণিত ক্রয় কাজটি প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

১৪/৯/২৪ ৬:৫২ অপরাহ্ন মানিক চন্দ্র মহানায়ক উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-১০	১৫/৯/২৪ ১০:৩৮ পূর্বাহ্ন সুজন চন্দ্র বর্মন নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	২৬/৯/২৪ ১১:৪৩ পূর্বাহ্ন মোঃ ফিরোজ আলম তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-২	২৬/৯/২৪ ১১:৪৩ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
---	---	---	---

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৭/৯/২৪ ১:২২ পূর্বাহ্ন

Okay

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

 ২৭/৯/২৪ ১:২৩ পূর্বাহ্ন মুত্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	 ২৭/৯/২৪ ৭:১৪ অপরাহ্ন মোঃ ফিরোজ আলম তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-২	 ২৭/৯/২৪ ৭:২৫ অপরাহ্ন সুজন চন্দ্র বর্মণ নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	২৭/৯/২৪ ৭:২৫ অপরাহ্ন মানিক চন্দ্র মহানায়ক উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-১০
--	--	--	---

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা